

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৫

ডিসেম্বর ২৩, ২০১৩
তারিখ :-----
পৌষ ০৯, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত উৎপাদনমুখী কর্মকাণ্ড এবং ব্যবসা বাণিজ্যে অর্থায়ন নির্বিল্ল রাখা প্রসংগে।

সম্প্রতি দেশে বিরাজমান অস্থিতিশীল পরিস্থিতির কারণে কৃষি ও শিল্প খাতের উপকরণ ও পণ্যাদির স্বাভাবিক চলাচল বিঘ্নিত হয়ে ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে বিরূপ প্রভাব পড়ছে। এতে স্বাভাবিক ব্যবসায়িক কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে ইত্যবসরে এসএমই খাতে ঋণ প্রবাহ অব্যাহত রাখার স্বার্থে ডিসেম্বর ১৮, ২০১৩ তারিখে বিআরপিডি সার্কুলার নং-১৪ জারী করা হয়েছে।

এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সকল খাতের (কৃষি ও এসএমই ব্যতীত) প্রকৃত ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ব্যবসায়িক কর্মকাণ্ড অব্যাহত রাখা ও ঋণ আদায় নিশ্চিতকল্পে প্রদত্ত ঋণ সুবিধা চলমান রাখার জন্য ডাউন পেমেন্ট গ্রহণ ও মেয়াদকাল নিরূপণের বিষয়টি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিবেচনা করা এবং ঋণ পুনর্গঠনের মেয়াদকাল যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করা যাবে। তবে, এ ক্ষেত্রে ব্যাংকের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের পর বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণ করতে হবে।

তাছাড়া, কৃষি খাতের ক্ষেত্রেও এসএমই খাতের ন্যায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতেই ঋণ পুনঃতফসিলিকরণের জন্য ব্যাংকগুলো নিজেরাই ডাউন পেমেন্ট ও পরিশোধের মেয়াদকাল যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে পারবে।

এ ব্যবস্থা জুন ৩০, ২০১৪ পর্যন্ত বলবৎ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৪